

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
পরিকল্পনা, প্রশিক্ষণ ও উন্নয়ন শাখা
ই-৭, আগারগাঁও, ঢাকা
www.dip.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০১.০০০০.২০৩.৫১.০০১.১৯.৩৬৩

তারিখ: ২৬ কার্তিক ১৪২৬

১১ নভেম্বর ২০১৯

বিষয়: অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এ অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর আওতায় মোট ০৪ (চার)টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে, যা নিম্নরূপঃ

উদ্ভাবনী উদ্যোগ/ধারণার শিরোনাম	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রদানকারী ও বাস্তবায়নকারী	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার উদ্দেশ্য
১। ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ	জনাব এ, টি, এম আবু আসাদ, অতিরিক্ত মহাপরিচালক, মানব সম্পদ ব্যবস্থাপনা ও অর্থ	অধিদপ্তরের কার্যপরিধি বৃদ্ধি পাওয়ায় বিভিন্ন ধরনের যন্ত্রপাতির তালিকা যথাযথভাবে প্রণয়ন ও হালকরণ সম্ভব হচ্ছে না। অনলাইনভিত্তিক ইনভেন্টরি ম্যানেজমেন্ট চালু করা হলে প্রধান কার্যালয়সহ অধিদপ্তরের আওতাধীন সকল অফিসের যন্ত্রপাতির তালিকা নিয়মিত হালকরণ করা যাবে এবং মজুদের ভিত্তিতে ভবিষ্যৎ চাহিদা নিরূপণ করে ক্রয়কার্য সম্পাদন করা যাবে।
২। অনলাইন পদ্ধতিতে সেবাগ্রহীতার মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকরণ	জনাব বিলকিস আফরোজা সিদ্দিকা, সহকারী পরিচালক, পরিকল্পনা, প্রশিক্ষণ ও উন্নয়ন শাখা	২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবিশ্যিক কৌশলগত উদ্দেশ্যে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। সে প্রেক্ষিতে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের লক্ষ্যে অনলাইনভিত্তিক টাচ স্ক্রিন ট্যাব অথবা টাচ স্ক্রিন কিয়স্ক প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক অফিসে চালু করা হলে প্রধান কার্যালয়ের ড্যাশ বোর্ডের মাধ্যমে সকল অফিসের অবস্থান যাচাই করে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা যাবে।
৩। ৭টি বিভাগীয় অফিসে মোবাইল ইউনিট চালুকরণ।	কর্মকর্তাগণের সাধারণ মতামত	গুরুতর অসুস্থ ব্যক্তিদের পাসপোর্ট প্রাপ্তি সহজিকরণের লক্ষ্যে ৭টি বিভাগীয় অফিসে মোবাইল ইউনিট চালু করা যেতে পারে।
৪। একাউন্টিং ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ	জনাব মোঃ আজিজুল ইসলাম, সহকারী পরিচালক, প্রশাসন ও জনাব মোঃ মাসুদ রানা, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা	অধিদপ্তরের অর্থ ও হিসাব সংক্রান্ত কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রধান কার্যালয়ে একাউন্টিং ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা যেতে পারে। এতে অর্থ ও হিসাব সংক্রান্ত কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদন করা সম্ভব হবে।

১১-১১-২০১৯

মোঃ শিহাব উদ্দিন খান

পরিচালক

অতিরিক্ত মহাপরিচালক
পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৮.০১.০০০০.২০৩.৫১.০০১.১৯.৩৬৩/১(৭)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৬
১১ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব এ টি এম আবু আসাদ, অতিরিক্ত মহাপরিচালক, মানব সম্পদ ব্যবস্থাপনা ও অর্থ, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৩) জনাব মোঃ আশরাফুজ্জামান, প্রোগ্রামার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৪) জনাব মোঃ শাহাদাৎ হোসেন, উপপরিচালক, পাসপোর্ট ও পরিকল্পনা অধিশাখা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৫) জনাব বিলকিস আফরোজা সিদ্দিকা, সহকারী পরিচালক, পরিকল্পনা, প্রশিক্ষণ ও উন্নয়ন শাখা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৬) জনাব মোঃ আজিজুল ইসলাম, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর



১১-১১-২০১৯

বিলকিস আফরোজা সিদ্দিকা
সহকারী পরিচালক